

নীচের অংশটি পড়ে উত্তরগুলি লেখ।

রাতের বেলায় দেখা যায় তারায় ভরা আকাশ। আকাশের আঙিনায় ‘লক্ষ প্রদীপ জ্বালা’ তাদের সংখ্যা এক, দুই, তিন করে গোনা যায় কি? উত্তর নিশ্চয়ই হবে তাই কি পারা যায়, পারা যাবে না বলে কিন্তু বিজ্ঞানীরা হাত গুটিয়ে বসে থাকেন নি। তাঁরা একের পর এক চেষ্টা চালিয়ে গেছেন। তারা, গ্রহ ইত্যাদি ব্যাপার নিয়ে ভাবনা চিন্তা যাঁরা করেন, তাঁরা হলেন জ্যোতির্বিদ। এককালে তাঁরা গুনেই কিন্তু বলেছিলেন যে আকাশে মোট তারার সংখ্যা কত, তা না বলা গেলেও পরিষ্কার আকাশে চোখে ধরা পড়ে এমন তারার সংখ্যা হাজার দুয়েক। তবে বিভিন্ন ঋতুতে আকাশে তারাদের অবস্থান বদলায়। সব তারাই সারা বছর ধরে দেখা যায় না। সারা বছরে খালি চোখে ধরা পড়ে এমন তারার সংখ্যা ছয় হাজারের বেশি হবে না। এ হিসেব নির্ভুল এমন বলা যায় না, কারণ সকলের চোখের শক্তি তো আর সমান নয়।

১) রাতের আকাশ কীসে ভরা থাকে?

উঃ রাতের আকাশ তারায় ভরা থাকে।

২) জ্যোতির্বিদ কাদের বলে?

উঃ তারা, গ্রহ ইত্যাদি ব্যাপার নিয়ে ভাবনা চিন্তা যাঁরা করেন, তাঁরা হলেন জ্যোতির্বিদ।

৩) খালি চোখে ধরা পড়ে এমন তারার সংখ্যা কত?

উঃ খালি চোখে ধরা পড়ে এমন তারার সংখ্যা হাজার দুয়েক।

৪) তারার অবস্থান কি সারা বছর একই থাকে?

উঃ না, তারার অবস্থান সারা বছর একই থাকে না। বিভিন্ন ঋতুতে আকাশে তারাদের অবস্থান বদলায়।

৫) সব তারা কি সারা বছর ধরে দেখা যায়?

উঃ না, সব তারা সারা বছর ধরে দেখা যায় না।

৬) অর্থ লেখ : আঙিনা

আঙিনা — উঠান।

৭) শূন্যস্থান পূরণ কর :

আকাশের আঙিনায় ‘লক্ষ প্রদীপ জ্বালা’ তাদের সংখ্যা এক, দুই, তিন করে গোনা যায় কি?

৮) বিপরীত শব্দ লেখ : আকাশ

আকাশ — পাতাল।

৯) বাক্য রচনা কর : ঋতু

ঋতু — বসন্তঋতু হল বাংলার সর্বশ্রেষ্ঠ ঋতু।

১০) সমার্থক শব্দ লেখ : চোখ

চোখ — নেত্র।

১১) শুদ্ধ বানান লেখ : পরিষ্কার

ভুল বানান	—	শুদ্ধ বানান
পরিষ্কার		পরিষ্কার

১২) ‘তারা’ শব্দটির বহুবচনের রূপ লেখ।

উঃ ‘তারা’ শব্দটির বহুবচনের রূপ হল ‘তারা সমূহ’।